বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং ঃ ৪৬.০২.৫৫০০.০৭৫.০৬.০০১.১৭.২৫২ তারিখ ঃ ১৬/০৬/২০২২খ্রিঃ।

প্রতি

১। নির্বাহী প্রকৌশলী-১
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর
এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর।

১। নির্বাহী প্রকৌশলী-২
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর
এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর।

বিষয় ঃ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রী পরিষদ বিভাগের গত ১১-১২-২০১৬ ইং তারিখের স্মারক নং ০৪. ০০. ০০০০. ৮২১. ১৪. ০৩৮.১৩.৫৯৭ এবং প্রধান প্রকৌশলী মহোদয়ের স্মারক নং এলজিইডি/পিইডিপি-৩/ই-৫৩(অংশ-১) /২০১৬/৩৭৬১ তারিখঃ ১৪-০৫-২০১৭ ইং মোতাবেক গঠিত বিভাগীয় পর্যায়ের নৈতিকতা কমিটির অগ্রগতি ও পর্যালোচনা সভা আগামী ২৮-০৬-২২খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,রংপুর বিভাগ রংপুর এর দপ্তরে অনুষ্ঠিত হবে।

আলোচ্যসূচী ঃ

১। এলজিইডি'র বিভাগীয় পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে পর্যালোচনা।
২। পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ওপরিবীক্ষণ সর্ম্পকে পর্যালোচনা।
৩। কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারন সর্ম্পকে পর্যালোচনা।
৪। উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরন সম্পর্কে আলোচনা।
৫। বিবিধ।

১৬/৬/2022

অতিরিক্ত প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
রংপুর বিভাগ, রংপুর।
ফোন নং ০৫২১-৫৬৫২৭
e-mail: ace.rangpurdiv@lged.gov.bd

অনুলিপি ঃ
১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মাঃ নং ঃ ৪৬.০২.৫৫০০.০৭৫.০৬.০০১.২১.২৬৫ তারিখ ঃ ২৮/০৬/২০২২ খ্রিঃ।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর এর দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর এপ্রিল-জুন/২০২২ (৪র্থ কোয়ার্টার) সভার কার্যপত্র।

সভাপতি ঃ জনাব অনিল চন্দ্র বর্ম্মন,অতিরিক্ত প্রধান প্রকৌশলী,এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর।

সভার তারিখ ঃ ২৮-০৬- ২০২২ খ্রিঃ।

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান ঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর এর অফিস কক্ষ।

সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর এপ্রিল-জুন/২০২২ (৪র্থ কোয়াটার) সভায় উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে অত্র দপ্তরের কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগন সভায় অংশগ্রহন করায় সকলের সাথে পরিচয় পর্ব ও কুশলাদি বিনিময় করেন। সভাপতি সভার সদস্য সচিব জনাব কান্তেশ্বর বর্ম্মণ, নির্বাহী প্রকৌশলীকে সভার আলোচ্যসূচী মোতাবেক আলোচনা শুরু করার অনুরোধ করেন।

জনাব কান্তেশ্বর বর্ম্মণ সভাপতির অনুমতিক্রমে সকলের অবগতির জন্য জানান যে, সোনার বাংলা গড়ার লক্ষে " জাতীয় শুদ্ধাচার কৌশল " শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রনয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক ও মাঠ কার্যালয় সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ প্রনয়ন করেছে। তারই আলোকে এটি ২০২১-২২ অর্থ বছরের ৪র্থ সভা। পূর্ববর্তী সভার কার্যপত্র উপস্থিত সকলকে পাঠ করে শুনান। কার্যপত্রের প্রতিটি বিষয়ে গৃহীত লক্ষ্যমাত্রা ও অর্জন সম্পর্কে বিশদ আলোচনা হয়। সভায় উপস্থিত সকলে আলোচনায় অংশ নেন। নিজ নিজ দায়িত্ব যথাযথ পালন, জবাবদিহীতা ও দূনির্তীমুক্ত অফিস গঠনে সকলের সচেষ্ট থাকার অংগীকার ব্যক্ত করেন।

সভায় বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | ১.১ নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন | আগামী ২৯-০৯-২০২২ ইং তারিখ এর মধ্যে নৈতিকতা কমিটির ২০২২-২৩ বছরের ১ম কোয়ার্টার সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয় | নির্বাহী প্রকৌশলী |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অত্র দপ্তরসহ জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী কমিটির সুপারিশ ১০০% বাস্তবায়নের ক্ষেত্রে সকলে সচেষ্ট থাকবেন । | অত্র বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী। |

চলমান পাতা-২

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভা | আগামী সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে রংপুর বিভাগে একটি সচেতনামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয় | নির্বাহী প্রকৌশলী |
| | ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন ( স্বাস্থ্যবিধি অনুসরন), অকেজো মালামাল বিনষ্ঠকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | অফিসে সেবা দান ও গ্রহনকারী সকলকে স্বাস্থ্যবিধি অনুসরন করতে হবে। সকলকে মাস্ক পরিধান অপরিহার্য। মাস্ক ছাড়া অফিসে প্রবেশ নিষেধ।<br>" No Mask, No Entry " মাস্ক ছাড়া প্রবেশ নিষেধ, "No Mask, No Survice" সেবা যদি পেতে চান মাস্ক পরে অফিসে যান "Visitors Restricted " দর্শনার্থীদের প্রবেশ সংরক্ষিত ইত্যাদি সংবলিত ব্যানার অফিসে সকলের প্রদর্শনের জন্য দেওয়া হয়েছে। যা সকলকে মেনে চলতে হবে। এছাড়াও অফিস চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | অত্র বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী |
| | ১.৫ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করণ | বার্ষিক কর্ম পরিকল্পনা ও ৪র্থ কোয়াটার এর পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী/কম্পিউটার অপারেটর |
| ক্রয়ের ক্ষেত্রে | ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। সে অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (পুরকৌশল/যান্ত্রিক)/ হিসাব রক্ষক |
| শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূনীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | ৩.১ PMIS এর মাধ্যমে বদলি অবমুক্ত ও যোগদানপত্র গ্রহন | অত্র দপ্তরে জুলাই ২০২১ হতে বদলি, অবমুক্ত ও যোগদানপত্র গ্রহন PMIS এর মাধ্যমে করা হচেছ ( সংযুক্তি-১) | নির্বাহী প্রকৌশলী (পুরকৌশল/যান্ত্রিক) |
| | ৩.২ চুড়ান্ত বিলের সাথে স্থির চিত্র | সকল চুড়ান্ত বিলের সহিত স্থীর চিত্র সংযোজন করার জন্য বলা হয়েছে। | নির্বাহী প্রকৌশলী বিভাগের সকল জেলা |
| | ৩.৩ ৫(পাঁচ) কোটি টাকার উর্ব্ধে বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলীর প্রত্যায়ন | অত্র বিভাগের আওতায় ২টি স্কীমের প্রত্যয়ন দেওয়া হয়েছে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| | ৩.৪ দূনীতি অভিযোগের তদন্ত ও প্রতিবেদন দাখিল | অত্র দপ্তর ও অত্র বিভাগের আওতায় কোন দূনীতির কোন অভিযোগ পাওয়া যায়নি। | - |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী |
|---|---|---|---|
| | ৩.৫ ৫ ও ১০ বছরের অতিরিক্ত একই কর্মস্থলে কর্মরত কর্মচারী বদলি | প্রধান প্রকৌশলী এলজিইডি মহোদয়ের স্মারক নং ৪৬.০২.০০০০. ০০১. ১৯. ০৯৯.১৮-৪৪১১ তারিখঃ ১৪/০৭/২০২১ খ্রিঃ মারফত উপ-সহকারী প্রকৌশলী , মেক্যানিক্যাল ফোরম্যান, ল্যবরেটরী টেকনিশিয়ানদের চাকুরী ৫(পাঁচ) বছর এবং প্রধান প্রকৌশলী মহোদয়ের স্মারক নং ৪৬.০২.০০০০.০০১.১৯.০৯৯.১৮-৪৭০৭ তারিখ ঃ ০৮/০৮/২০২১ খ্রিঃ মারফত হিসাব রক্ষক, উচ্চমান সহকারীদের চাকুরী ৫(পাঁচ) বছর এবং কার্য্যসহকারীদের চাকুরী একই কর্মস্থলে বা বিভিন্ন সময় মিলে ১০(দশ) বছর অতিক্রান্ত হলে তাকে অনত্র বদলির নির্দেশ প্রদান করেন। সেমতে ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। ৪র্থ কোয়ার্টারে ২জনকে বদলি করা হয়েছে । | অতিরিক্ত প্রধান প্রকৌশলী |

উল্লেখ্য, অন্যান্ন কার্যক্রমসমূহ স্ব স্ব অফিসের সাথে সামঞ্জস্যপূর্ন রেখে লক্ষ্যমাত্রা গ্রহন করতে হবে। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

২৮/৩/২২

অতিরিক্ত প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
রংপুর বিভাগ, রংপুর।
ফোন নং ০৫২১-৫৬৫২৭
ই-মেইলঃ ace.rangpurdiv@lged.gov.bd